

প্রেস রিলিজ

০৩ জুলাই, ২০২২

প্রান্তিক জনগোষ্ঠীকে কর্মমুখি করতে কাজ করে যাচ্ছে বাউবি-

বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, প্রান্তিক জনগোষ্ঠীকে কর্মমুখি করতে বাউবি কাজ করে যাচ্ছে। বাউবি এখন এসএসসি কিংবা এইচএসসি পর্যায়ের শিক্ষার মাঝে সীমাবদ্ধ নেই। উচ্চ শিক্ষার পাশাপাশি জীবনমুখি, বাস্তব, উন্নয়নমূলক এবং বর্হি বাংলাদেশে বাউবি তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। আজ ০৩ জুলাই, ২০২২ রবিবার বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসে উপাচার্যের কনফারেন্স রুমে যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব মিসিসিপি মেডিকেল সেন্টারের গবেষক অধ্যাপক ফজলে শাহীদ ফারুকের সাথে এক মতবিনিময় সভায় ড. সৈয়দ হুমায়ুন আখতার এসব কথা বলেন। এ সময় ফজলে শাহীদ ফারুক বলেন, বাউবি খুব অল্প সময়ে তার লক্ষ্য মাত্রা অর্জনে সক্ষম হয়েছে। বিশেষ করে অবহেলিত, দুর্গম এলাকায় দূরশিক্ষণের মাধ্যমে গ্রামীণ উন্নয়ন ও কৃষি শিক্ষার প্রসার প্রশংসনীয়। টেকসই উন্নয়নের জন্য বাউবির শিক্ষার বিকল্প নেই বলে মন্তব্য করেন তিনি।

মত বিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীনসহ বিভিন্ন স্কুলের ডিনগণ। পরে, অধ্যাপক ফজলে শাহীদ ফারুককে উত্তরীয় পরিয়ে দেন উপাচার্য।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)